# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো দ্রুত পদক্ষেপে জানাযা নিয়ে যাওয়া

## ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلنَّاسِ أَنْ يَرْمُلُوا الْجَنَائِزَ رَمَلاً

আরবী

3032 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ عُيَيْنَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ قَالَ:
شَهِدْتُ جَنَازَةَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ وَخَرَجَ زِيَادٌ يَمْشِي بَيْنَ يَدَيْ سَرِيرِهِ وَرِجَالٌ يُسْتَقْبَلُونَ السَّرِيرَ ويُداسون عَلَى أَعْقَابِهِمْ يَقُولُونَ: رُوَيْدًا رُوَيْدًا - بَارَكَ اللَّهُ فِيكُمْ - حَتَّى إِذَا كُنَّا فِي بَعْضِ المِرْبَدِ لَحِقَنَا أَبُو بَكْرَةَ عَلَى بَغْلَةٍ فَلَمَّا رَأَى أُولَئِكَ وَمَا يَصْنَعُونَ حَمَلَ عَلَيْهِمْ بَغْلَتَهُ وَأَهْوَى إِلَيْهِمْ بسَوْطِهِ وَقَالَ: خَلُّوا فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ رَأَيْتُنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِنَّا نَكَادُ أَنْ نَرْمُل بِهَا رَمَلًا قَالَ: فَجَاءَ الْقَوْمُ وَأَسْرَعُوا الْمَشْيَ وَأَسْرَعَ زِيَادٌ المشي.
الراوي : عَبْدِ الرَّحْمَنِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3032 | خلاصة حكم المحدث: صحيح - ((النسائي)) (1912 و 1913).

বাংলা

৩০৩২. আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আব্দুর রহমান বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহুর জানাযায় উপস্থিত ছিলাম। আর যিয়াদ তার খাটিয়ার সামনে দিয়ে হেঁটে যায়। লোকজন খাটিয়াকে সামনে রেখে পায়ের গোড়ালীর উপর উল্টাভাবে চলে এবং তারা বলছিল, “ধীরে চল, ধীরে চল। আল্লাহ তোমাদের উপর বারাকাহ দিন। এভাবে যখন আমরা মিরবাদের পথিমধ্যে ছিলাম, তখন আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু খচ্চরের উপর আরোহন করে আমাদের সাথে যুক্ত হন। যখন তিনি তাদেরকে এবং তাদের কৃতকর্ম দেখেন, তখন তিনি তার খচ্চরকে তাদের দিকে চাবুক দিয়ে দ্রুত চালিত করেন এবং বলেন, “রাস্তা ছাড়ো। ঐ সত্ত্বার কসম, যার হাতে

আমার প্রাণ, অবশ্যই আমি দেখেছি যে, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে থেকেছি। আমরা জানাযা নিয়ে প্রায় দৌড়ে চলেছি।”

রাবী বলেন, “তারপর লোকজনও দ্রুত দ্রুত হেঁটে আসে আর যিয়াদও দ্রুত হাঁটা শুরু করে।”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ৪/৪৩; আবূ দাঊদ: ৩১৮২; মুসনাদ আহমাদ: ৫/৩৬; আত তায়ালিসী: ৮৮৩; সুনান বাইহাকী: ৪/২২; তাহাবী: ১/৪৭৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (নাসাঈ: ১৯১২-১৯১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন